

# কী আছে দেখে ঘড়?



এই বইটি আমরা আমার নাম :

.....





এর নতুন দিন



নিজের দিকে তাকাও তো। কী দেখছো? শরীরের দু-পাশে দুটো হাত ঝুলছে। দুই পায়ে  
দাঁড়িয়ে আছি কেমন তালগাছের মতো। শুধু কি হাত আর পা? আরও অনেক অনেক অঙ্গ  
আছে আমাদের শরীরে। আর সবগুলো অঙ্গ মিলেই গঠিত হয়েছে আমাদের এই দেহ।

চুলের সামনে কী আছে? হুমম, কপাল আছে।  
কপাল আমাদের চেহারারই ওপরের অংশ।  
জানোই তো, নামাজে আমরা এই কপাল ঠেকিয়ে  
সিজদা করি।





এবার চোখের কথায়  
আসি। কপালের ঠিক নিচেই  
আছে চোখ। চোখও দুইটি।  
ডান চোখ আর বাম চোখ। চোখ  
দিয়ে আমরা পৃথিবীর সবকিছু  
দেখতে পাই।

এবার বলো নাকের নিচে কী  
আছে? এ তো সহজ কথা!  
মুখ আছে। মুখের ওপরে ও  
নিচে আছে ঠোঁট। আর  
ভেতরে একটি জিহ্বা।  
মুখের কিন্তু অনেক কাজ!  
কথা বলা, খাবার  
খাওয়া—এসব মুখ দিয়েই  
করি আমরা।

